# BCS প্রিলি. লেকচার শিট বাংলা ভাষা ও সাহিত্য

লেকচার ১২

## Lecture Contents

### ব্যাকরণ- ৬

- ❑ সন্ধি
- ❑ বাগ্‌ধারা
- ❑ একই শব্দের বিভিন্নার্থ প্রয়োগ

## সন্ধি বিচ্ছেদ

**প্রাথমিক আলোচনা :** সন্নিহিত দুটো ধ্বনির মিলনের নাম সন্ধি। যেমন- আশা + অতীত = আশাতীত। হিম + আলয় = হিমালয়। প্রথমটিতে আ + অ = আ (া) এবং দ্বিতীয়টিতে অ + আ = আ (া) হয়েছে।

**সন্ধির উদ্দেশ্য :**

(ক) সন্ধির উদ্দেশ্য স্বাভাবিক উচ্চারণে সহজপ্রবণতা এবং
(খ) ধ্বনিগত মাধুর্য সম্পাদন।

**যে সকল ক্ষেত্রে সন্ধি করা উচিত নয় :**

১. সাধু ভাষায় বাংলা শব্দের সাথে বাংলা শব্দের সন্ধি করা উচিত নয়।
২. বাংলা শব্দের সাথে সংস্কৃত শব্দের সন্ধি করা উচিত নয়।
৩. বাংলা ভাষায় প্রচলিত বিদেশি শব্দের সন্ধি করা উচিত নয়।
৪. সন্ধি করলে যদি শব্দ শ্রুতিকটু হয় তবে সন্ধি পরিহার করা উচিত।
৫. ক্রিয়া পদের সাথে অন্য কোনো পদের সন্ধি করা উচিত নয়।
৬. ছন্দের অনুরোধে কবিতায় কখনো কখনো সন্ধি অনুচিত হয়।

**যে সকল ক্ষেত্রে সন্ধি অবশ্য কর্তব্য :**

১. সমাসবদ্ধ পদে সন্ধি অবশ্য কর্তব্য।
২. সংস্কৃত প্রকৃতি-প্রত্যয় স্থলে সন্ধি অবশ্য কর্তব্য।
৩. ধাতুর সাথে উপসর্গ যোগ হলে সন্ধি অবশ্য কর্তব্য।

### সন্ধির প্রকার




### স্বরসন্ধি

**স্বরসন্ধি :** স্বরধ্বনির সঙ্গে স্বরধ্বনির মিলনের নাম স্বরসন্ধি।

**১. অ-কার কিংবা আ-কারের পর অ-কার কিংবা আ-কার থাকলে উভয়ে মিলে আ-কার হয়, আ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়।**

যেমন:
অ+অ = আ, নর + অধম = নরাধম।
এরূপ- হিমাচল, প্রাণাধিক, হস্তান্তর, হিতাহিত ইত্যাদি।
অ + আ = আ, হিম + আলয় = হিমালয়।
এরূপ- দেবালয়, রত্নাকর, সিংহাসন ইত্যাদি।
আ + অ = আ, যথা + অর্থ = যথার্থ।
এরূপ- আশাতীত, কথামৃত, মহার্ঘ ইত্যাদি।
আ + আ = আ, বিদ্যা + আলয় = বিদ্যালয়।
এরূপ- কারাগার, মহাশয়, সদানন্দ ইত্যাদি।

**২. অ- কার কিংবা আ- কারের পর ই- কার কিংবা ঈ- কার থাকলে উভয় মিলে এ-কার হয়ঃ এ- কার পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়।**

যেমন-

| | |
|---|---|
| অ + ই = এ | শুভ + ইচ্ছা = শুভেচ্ছা |
| আ + ই = এ | যথা + ইষ্ট = যথেষ্ট |
| অ + ঈ = এ | পরম + ঈশ = পরমেশ |
| আ + ঈ = এ | মহা + ঈশ = মহেশ। |

এ রূপ - পূর্ণেন্দু, শ্রবণেন্দ্রিয়, স্বেচ্ছা, নরেশ, রমেশ, নরেন্দ্র ইত্যাদি।

**৩. অ-কার কিংবা আ-কারের পর উ-কার কিংবা ঊ-কার থাকলে উভয়ে মিলে ও-কার হয়; ও- কার পূর্ববর্তী ব্যঞ্জনে যুক্ত হয়।**

যেমন-

| | |
|---|---|
| অ + উ = ও | সূর্য + উদয় = সূর্যোদয়। |
| আ + উ = ও | যথা + উচিত = যথোচিত। |
| অ + ঊ = ও | গৃহ + ঊর্ধ্ব = গৃহোর্ধ্ব। |
| আ + ঊ = ও | গঙ্গা + ঊর্মি = গঙ্গোর্মি। |

এ রূপ - নীলোৎপল, চলোর্মি, মহোৎসব, নবোঢ়া, ফলোদয়, যথোপযুক্ত, হিতোপদেশ, পরোপকার, প্রশ্নোত্তর ইত্যাদি ।

**৪. অ- কার কিংবা আ-কারের পর ঋ- কার থাকলে উভয়ে মিলে 'অর্' হয় এবং তা রেফ (র্) রূপে পরবর্তী বর্ণের সাথে লেখা হয়।**

যেমন-

অ + ঋ = অর্ দেব + ঋষি = দেবর্ষি ।
আ + ঋ = অর্ মহা + ঋষি = মহর্ষি ।
এ রূপ - অধমর্ণ, উত্তমর্ণ, সপ্তর্ষি, রাজর্ষি ইত্যাদি ।

**৫. অ- কার কিংবা আ- কারের পর 'ঋত' - শব্দ থাকলে (অ, আ + ঋ) উভয় মিলে 'আর্' হয় এবং বানানে পূর্ববর্তী বর্ণে আ ও পরবর্তী বর্ণে রেফ লেখা হয়।**

যেমন-

অ + ঋ = আর শীত + ঋত = শীতার্ত ।
আ + ঋ = আর তৃষ্ণা + ঋত = তৃষ্ণার্ত ।
এ রূপ - ভয়ার্ত, ক্ষুধার্ত ইত্যাদি ।

**৬. অ-কার কিংবা আ-কারের পর এ- কার কিংবা ঐ-কার থাকলে উভয়ে মিলে ঐ-কার হয়; ঐ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়।**

যেমন-

অ + এ = ঐ জন + এক = জনৈক ।
আ + এ = ঐ সদা + এব = সদৈব ।
অ + ঐ = ঐ মত + ঐক্য = মতৈক্য ।
আ + ঐ = ঐ মহা + ঐশ্বর্য = মহৈশ্বর্য ।
এ রূপ - হিতৈষী, সর্বৈব, অতুলৈশ্বর্য ইত্যাদি ।

**৭. অ-কার কিংবা আ-কারের পর ও -কার কিংবা ঔ- কার থাকলে উভয়ে মিলে ঔ-কার হয়; ঔ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়।**

যেমন-

অ + ও = ঔ বন + ওষধি = বনৌষধি ।
আ + ও = ঔ মহা + ওষধি = মহৌষধি ।
অ + ঔ = ঔ পরম + ঔষধ = পরমৌষধ ।
আ + ঔ = ঔ মহা + ঔষধ = মহৌষধ ।

**৮. ই- কার কিংবা ঈ-কারের পর ই- কার কিংবা ঈ- কার থাকলে উভয়ে মিলে দীর্ঘ ঈ- কার হয়। দীর্ঘ ঈ- কার পূর্ববতী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়।**

যেমন-

ই + ই = ঈ অতি + ইত = অতীত ।
ই + ঈ = ঈ পরি + ঈক্ষা = পরীক্ষা ।
ঈ + ই = ঈ সতী + ইন্দ্র = সতীন্দ্র ।
ঈ + ঈ = ঈ সতী + ঈশ = সতীশ ।

**৯. ই- কার কিংবা ঈ- কারের পর ই ও ঈ ভিন্ন অন্য স্বর থাকলে শুধুমাত্র ই বা ঈ এর পরিবর্তে 'য্' বা য (্য) ফলা হয়। য- ফলা লেখার সময় পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে লেখা হয়। এ ক্ষেত্রে পরবর্তী ভিন্নস্বরগুলো অপরিবর্তিত থাকে।**

যেমন-

ই + অ = য্ +অ অতি + অন্ত = অত্যন্ত ।
ই + আ = য্ + আ ইতি + আদি = ইত্যাদি ।
ই + উ = য্ + উ অতি + উক্তি = অত্যুক্তি ।
ই + উ = য্ + উ প্রতি + ঊষ = প্রত্যূষ ।
ঈ + আ = য্ + আ মসী + আধার = মস্যাধার ।
ই + এ = য্ + এ প্রতি + এক = প্রত্যেক ।
ঈ + অ = য্ + অ নদী + অম্বু = নদ্যম্বু ।
এ রূপ- প্রত্যহ, অত্যধিক, গত্যন্তর, প্রত্যাশা, প্রত্যাবর্তন, আদ্যন্ত, যদ্যপি, পর্যন্ত, অভ্যুত্থান, অগ্ন্যুৎপাত, অত্যাশ্চর্য, প্রত্যুপকার ইত্যাদি ।

**১০. উ- কার কিংবা ঊ- কারের পর উ- কার কিংবা ঊ-কার থাকলে উভয়ে মিলে ঊ- কার হয়; ঊ- কার পূর্ববর্তী ব্যঞ্জন ধ্বনির সাথে যুক্ত হয়।**

যেমন-

উ + উ = ঊ মরু + উদ্যান = মরূদ্যান ।
উ + ঊ = ঊ বহু + ঊর্ধ্ব = বহূর্ধ্ব ।
ঊ + উ = ঊ বধূ + উৎসব = বধূৎসব ।
ঊ + ঊ = ঊ ভূ + ঊর্ধ্ব = ভূর্ধ্ব ।

**১১. উ- কার কিংবা ঊ- কারের পর উ/ঊ-কার ভিন্ন অন্য স্বর থাকলে শুধুমাত্র উ বা ঊ এর পরিবর্তে 'ব' ফলা এবং লেখার সময় ব-ফলা পূর্ববর্তী বর্ণের সাথে লেখা হয়। এ ক্ষেত্রে পরবর্তী ভিন্নস্বরগুলো অপরিবর্তিত থাকে।**

যেমন-

উ + অ = ব্ + অ সু + অল্প = স্বল্প ।
উ + আ = ব্ + আ সু + আগত = স্বাগত ।
উ + ই = ব্ + ই অনু + ইত = অন্বিত ।
উ + ঈ = ব্ + ঈ তনু + ঈ = তন্বী ।
উ + এ = ব্ + এ অনু + এষণ = অন্বেষণ ।
এ রূপ - পশ্বাচার, অন্বয়, মন্বন্তর ইত্যাদি ।

**১২. ঋ- কারের পর ঋ ভিন্ন অন্য স্বর থাকলে 'ঋ' স্থানে 'র্' হয় এবং র- ফলা পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়।**

যেমন-

পিতৃ + আলয় = পিত্রালয়, পিতৃ + আদেশ = পিত্রাদেশ ।

**১৩. এ, ঐ, ও, ঔ- কারের পর এ, ঐ স্থানে যথাক্রমে অয়্, আয়্ এবং ও, ঔ স্থানে যথাক্রমে অব্ ও আব্ হয়।**

যেমন-

| | | |
|---|---|---|
| এ+অ = অয়্+অ | নে+অন = নয়ন | শে+অন = শয়ন |
| ঐ+অ = আয়্+অ | নৈ+অক = নায়ক | গৈ+অক = গায়ক |
| ও+অ = অব্+অ | পো+অন = পবন | লো+অন = লবণ |
| ঔ+অ = আব্+অ | পৌ+অক = পাবক | |
| ও+আ = অব্+আ | গো+আদি = গবাদি | |
| ও+এ = অব্+এ | গো+এষণা = গবেষণা | |
| ও+ই = অব্+ই | পো+ইত্র = পবিত্র | |
| ঔ+ই = আব্+ই | নৌ+ইক = নাবিক | |
| ঔ+উ = আব্+উ | ভৌ+উক = ভাবুক | |

**১৪. কতক সন্ধি কোনো নিয়ম অনুসারে হয় না, এগুলোকে নিপাতনে সিদ্ধ বলে।**

যেমন-

কুল + অটা = কুলটা (কুলাটা নয়)
গো + অক্ষ = গবাক্ষ (গবক্ষ নয়)
প্র + ঊঢ় = প্রৌঢ় (প্রোঢ় নয়)
অন্য + অন্য = অন্যান্য



মার্ত + অণ্ড = মার্তণ্ড (মার্তা- নয়)
শুদ্ধ + ওদন = শুদ্ধোদন (শুদ্ধৌদন নয়)
স্ব + ঈর = স্বৈর (স্যর নয়)
গো + ইন্দ্র = গবেন্দ্র (গবিন্দ্র নয়)
গো + ঈশ্বর = গবেশ্বর (গবীশ্বর নয়)
অক্ষ + উহিণী = অক্ষৌহিণী (অক্ষোহিণী নয়)
রক্ত + ওষ্ঠ = রক্তোষ্ঠ (রক্তৌষ্ঠ নয়)
সীমন + অত = সীমন্ত (সীমনান্ত নয়)
শার + অঙ্গ - শারঙ্গ (শারাঙ্গ নয়)
দশ + ঋণ = দর্শাণ (দর্শণ নয়)

## নিপাতনে সিদ্ধ স্বর সন্ধি মনে রাখার কৌশল-

স্বৈর রাজা গবেন্দ্র তাঁর দুই মন্ত্রী গবেশ্বর ও শুদ্ধোদন-কে নিয়ে সকাল বেলার মার্তণ্ড (সূর্য) দেখবেন বলে গবাক্ষ (জানালা) পথে তাকালেন।
একদিকে দেখলেন শারঙ্গ (বাদ্যযন্ত্র) হাতে এক প্রৌঢ় কুলটা নারী। তার সীমন্ত (সিঁথি) এলোমেলো।
অপরদিকে অক্ষৌহিনী সহ তাঁর সেনাপতি ও অন্যান্য মন্ত্রী রাজাকে ক্ষমতাচ্যুত করার জন্য আসছেন।

## ব্যঞ্জনসন্ধি

স্বরে + ব্যঞ্জনে, ব্যঞ্জনে + স্বরে ও ব্যঞ্জনে + ব্যঞ্জনে যে সন্ধি হয় তাকে ব্যঞ্জনসন্ধি বলে। এ দিক থেকে ব্যঞ্জন সন্ধিকে তিন ভাগে ভাগ করা যায়। যথা-

১. ব্যঞ্জনধ্বনি + স্বরধ্বনি
২. স্বরধ্বনি + ব্যঞ্জনধ্বনি
৩. ব্যঞ্জনধ্বনি + ব্যঞ্জন ধ্বনি।

### ০১. ব্যঞ্জনধ্বনি + স্বরধ্বনি

ক্, চ্, ট্ , ত্ , প্ - এর পরে স্বরধ্বনি থাকলে সেগুলো যথাক্রমে গ্, জ্, ড্, (ড়্), দ্, ব্ হয়। পরবর্তী স্বরধ্বনিটি পূর্ববর্তী ব্যঞ্জনধ্বনির সঙ্গে যুক্ত হয়।

যেমন-

| | |
|---|---|
| ক্ + অ = গ্ | দিক্ + অন্ত = দিগন্ত। |
| চ্ + অ = জ্ | ণিচ্ + অন্ত = ণিজন্ত। |
| ট্ + আ = ড্ | ষট্ + আনন = ষড়ানন। |
| ত্ + অ = দ | তৎ + অবধি = তদ্‌বধি। |
| প্ + অ = ব্ | সুপ্ + অন্ত = সুবন্ত। |

এরূপ- বাগীশ, তদন্ত, বাগাড়ম্বর, কৃদন্ত, সদুপায়, সদুপদেশ, জগদিন্দ্র ইত্যাদি।

### ০২. স্বরধ্বনি + ব্যঞ্জনধ্বনি স্বরধ্বনির পর ছ থাকলে উক্ত ব্যঞ্জনধ্বনিটি দ্বিত্ব (চ্ছ) হয়।

যথা-

| | |
|---|---|
| অ + ছ = চ্ছ | এক + ছত্র = একচ্ছত্র। |
| আ + ছ = চ্ছ | কথা + ছলে = কথাচ্ছলে। |
| ই + ছ = চ্ছ | পরি + ছদ = পরিচ্ছদ। |

এরূপ- মুখচ্ছবি, বিচ্ছেদ, পরিচ্ছেদ, বিচ্ছিন্ন, অঙ্গচ্ছেদ, আলোকচ্ছটা, প্রতিচ্ছবি, প্রচ্ছদ, আচ্ছাদন, বৃক্ষচ্ছায়া, স্বচ্ছন্দে, অনুচ্ছেদ প্রভৃতি।

### ০৩. ব্যঞ্জনধ্বনি + ব্যঞ্জনধ্বনি

(i) ত্ ও দ্-এর পর চ্ ও ছ্ থাকলে ত্ ও দ্ স্থানে চ্ হয়। যেমন-

| | |
|---|---|
| ত্ + চ = চ্চ | সৎ + চিন্তা = সচ্চিন্তা। |
| ত্ + ছ = চ্ছ | উৎ + ছেদ = উচ্ছেদ। |
| দ্ + চ = চ্চ | বিপদ্ + চয় = বিপচ্চয়। |
| দ্ + ছ = চ্ছ | বিপদ্ + ছায়া = বিপচ্ছায়া। |

এরূপ- উচ্চারণ, শরচ্চন্দ্র, সচ্চরিত্র, তচ্ছবি, সচ্চিদানন্দ প্রভৃতি।

(ii) ত্ ও দ্ - এ পর জ্ ও ঝ্ থাকলে ত্ ও দ্ - এর স্থানে জ্ হয়।

যেমন-

| | |
|---|---|
| ত + জ = জ্জ | সৎ + জন = সজ্জন। |
| দ্ + জ = জ্জ | বিপদ + জাল = বিপজ্জাল। |
| ত্ + ঝ = জ্ঝ | কুৎ+ঝটিকা = কুজ্ঝটিকা। |

এরূপ- উজ্জ্বল, তজ্জন্য, যাবজ্জীবন, জগজ্জীবন ইত্যাদি।

(iii) ত্ ও দ্ - এর পর শ থাকলে ত্ ও দ্ - এর স্থলে চ্ এবং শ্ - এর স্থলে ছ উচ্চারিত হয়।

যেমন-

ত + শ = চ্ + ছ = চ্ছ উৎ + শ্বাস = উচ্ছ্বাস

এরূপ- চলচ্ছক্তি, উচ্ছৃঙ্খল ইত্যাদি।

(iv) ত্ ও দ্- এর পর ড থাকলে ত্ ও দ্ এর স্থানে ড্ হয়। যেমন-

ত্ + ড = ড্ড উৎ + ডীন = উড্ডীন।

(v) ত্ ও দ্ - এর পর হ থাকলে ত্ ও দ্ - এর স্থলে দ এবং হ-এর স্থলে ধ্ হয়।

যেমন-

| | |
|---|---|
| ত্ + হ = দ্ + ধ = দ্ধ | উৎ + হার = উদ্ধার |
| দ্ + হ = দ্ +ধ = দ্ধ | পদ্ + হতি = পদ্ধতি |

এরূপ- উদ্ধৃত, উদ্ধত, তদ্ধিত ইত্যাদি।

(vi) ত্ ও দ্ - এর পর ল থাকলে ত্ ও দ্- এর স্থলে 'ল' হয়। যেমন-

ত্ + ল = ল্ল উৎ + লাস = উল্লাস

এরূপ- উল্লেখ, উল্লিখিত, উল্লেখ্য, উল্লঙ্ঘন ইত্যাদি।

০১. বর্গীয় প্রথম ধ্বনির পর যে কোনো বর্গের তৃতীয় বা চতুর্থ ধ্বনি কিংবা 'য' ও 'র' থাকলে বর্গের প্রথম ধ্বনিগুলে নিজস্ব বর্গের তৃতীয় রূপে উচ্চারিত হয়।

যথা:

| | |
|---|---|
| ক্ + দ = গ্ + দ | বাক্ + দান = বাগ্‌দান |
| ট্ + য = ড্ + য | ষট্ + যন্ত্র = ষড়যন্ত্র। |
| ত্ + ঘ = দ্ + ঘ | উৎ + ঘাটন = উদ্‌ঘাটন। |
| ত্ + য = দ্ +য | উৎ + যোগ = উদ্যোগ। |
| ত্ + র = দ্ + র | তৎ + রূপ = তদ্রূপ। |

এ রূপ - দিগ্বিজয়, উদ্যম, উদ্‌গিরণ, উদ্ভব, বাগ্‌জাল, সদ্‌গুরু, বাগ্‌দেবী ইত্যাদি।

০২. ঙ, ঞ, ণ, ন, ম পরে থাকলে পূর্ববর্তী অঘোষ অল্পপ্রাণ ধ্বনি সেই বর্গীয় ঘোষ ধ্বনি কিংবা নাসিক্য ধ্বনি হয়।

যথা-

ক্ + ন = গ/ঙ + ন দিক্ + নির্ণয় = দিগ্‌নির্ণয় বা দিঙ্‌নির্ণয়।
ত্ + ম = দ/ন+ম তৎ + মধ্যে = তদ্‌মধ্যে বা তন্মধ্যে।

**লক্ষণীয়:** এরূপ ক্ষেত্রে সাধারণত নাসিক্য ব্যঞ্জনই বেশি প্রচলিত। যেমন- বাক্ + ময় = বাঙ্ময়, তৎ + ময় = তন্ময়, মৃৎ + ময় = মৃন্ময়, জগৎ + নাথ = জগন্নাথ ইত্যাদি। এ রূপ- উন্নয়ন, উন্নীত, চিন্ময় ইত্যাদি।

**০৩. ম্ এর পর যে কোনো বর্গীয় ধ্বনি থাকলে ম্ ধ্বনিটি সেই বর্গের নাসিক্য ধ্বনি হয়।**

**যেমন-**

ম্ + ক্ = ঙ্ক — শম্ + কা = শঙ্কা।
ম্ + চ্ = ঞ্চ — সম্ + চয় = সঞ্চয়।
ম্ + ত্ = ন্ত — সম্+তাপ = সন্তাপ।

এরূপ - কিম্ভূত, সন্দর্শন, কিন্নর, সম্মান, সন্ধান, সন্ন্যাস ইত্যাদি।

**০৪. ম্ - এর পর অন্তস্থ ধ্বনি য, র, ল, ব কিংবা শ, ষ, স, হ থাকলে, ম্ স্থলে অনুস্বার (ং) হয়।**

**যেমন-**

সম্ + যম = সংযম, — সম্ +বাদ = সংবাদ,
সম্ + রক্ষণ = সংরক্ষণ, — সম্ + লাপ = সংলাপ,
সম্ + শয় = সংশয়, — সম্ + সার = সংসার,
সম্ + হার = সংহার।

এরূপ- বারংবার, কিংবা, সংবরণ, সংযোগ, সংযোজন, সংশোধন, সর্বংসহা, স্বয়ংবরা। ব্যতিক্রম : সম্রাট (সম্ + রাট)।

**০৫. চ্ ও জ্ - এর পরে নাসিক্য ধ্বনি তালব্য হয়।**

**যেমন-**

চ্ + ন = চ + ঞ, — যাচ্ + না = যাচ্ঞা,
রাজ্ + নী = রাজ্ঞী, — জ্ + ন = জ + ঞ,
যজ্ + ন = যজ্ঞ।

**০৬. দ্ ও ধ্ - এর পরে ক, চ, ট, ত, প, খ, ছ, ঠ, থ, ফ থাকলে দ্ ও ধ্ স্থলে 'অঘোষ অল্পপ্রাণ' ধ্বনি হয়।**

**যেমন-**

দ্ > ত — তদ্ + কাল = তৎকাল
ধ্ > ত — ক্ষুধ্ +পিপাসা = ক্ষুৎপিপাসা।

এরূপ- হৃদকম্প, তৎপর, তত্ত্ব ইত্যাদি।

**০৭. দ্ কিংবা ধ্-এর পরে (স্) থাকলে দ্ ও ধ্ স্থলে 'অঘোষ অল্পপ্রাণ' ধ্বনি হয়।**

**যেমন-**

বিপদ্ + সংকুল = বিপৎসংকুল। এরূপ- তৎসম।

**০৮. ষ-এর পরে ত বা থ থাকলে, যথাক্রমে ত ও থ স্থানে ট ও ঠ হয়।**

**যেমন-**

কৃষ্ + তি = কৃষ্টি, — ষষ্ + থ = ষষ্ঠ।

**০৯. বিশেষ নিয়মে সাধিত কতগুলো সন্ধি।**

**যেমন-**

উৎ + স্থান = উত্থান — সম্ + কার = সংস্কার।
উৎ + স্থিত = উত্থিত — উৎ + স্থাপন = উত্থাপন।
সম্ + কৃত = সংস্কৃত — পরি + কার = পরিষ্কার।
সম্ + কৃতি = সংস্কৃতি — পরি + কৃত = পরিষ্কৃত।

**১০. কতগুলো সন্ধি নিপাতনে সিদ্ধ হয়।**

**যেমন-**

আ + চর্য = আশ্চর্য — গো + পদ = গোষ্পদ
বন + পতি = বনস্পতি — বৃহৎ + পতি = বৃহস্পতি
তৎ + কর = তস্কর — পর + পর = পরস্পর।
মনস্ + ঈষা = মনীষা — ষট্ + দশ = ষোড়শ।
এক + দশ = একাদশ — মৃত্যু + জয় = মৃত্যুঞ্জয়
পতৎ + অঞ্জলি = পতঞ্জলি — দিব +লোক = দ্যুলোক
হরি + চন্দ্র = হরিশ্চন্দ্র — প্রায় + চিত্র = প্রায়শ্চিত্র
বিশ্ব + মিত্র = বিশ্বামিত্র ইত্যাদি।

**নিপাতনে সিদ্ধ ব্যঞ্জন সন্ধি মনে রাখার কৌশল-**

নায়িকা মনীষা'র দুই পুত্র বনস্পতি ও বৃহস্পতি তারা পরস্পর তস্কর হয়ে উঠে। তারা একাদশ ও ষোড়শ গোষ্পদ চুরি করলে আশ্চর্য তা দেখতে পায়। এদিকে মামা পতঞ্জলি শাস্তি থেকে বাঁচাবার জন্য তাদের দ্যুলোক পাঠিয়ে দেন।

## বিসর্গ সন্ধি

সংস্কৃত সন্ধির নিয়মে পদের অন্তস্থিত র্ ও স্ অনেক ক্ষেত্রে অঘোষ উষ্ম ধ্বনি অর্থাৎ হ ধ্বনিরূপে উচ্চারিত হয় এবং তা বিসর্গ (ঃ) রূপে লেখা হয়। র্ ও স্ বিসর্গ ব্যঞ্জন ধ্বনিমালার অন্তর্গত। সে কারণে বিসর্গ সন্ধি ব্যঞ্জন সন্ধির অন্তর্গত। বস্তুত বিসর্গ র্ এবং স্-এর সংক্ষিপ্ত রূপ।

**বিসর্গকে দু ভাগে ভাগ করা হয়েছে-**

১. র্ - জাত বিসর্গ ও
২. স্ - জাত বিসর্গ।

১. **র্ - জাত বিসর্গ:** র্ স্থানে যে বিসর্গ হয় তাকে বলে র্ - জাত বিসর্গ।
যেমন-
অন্তর-অন্তঃ, প্রাতর-প্রাতঃ, পুনর-পুনঃ, অহর-অহঃ, দুর-দুঃ, নির-নিঃ ইত্যাদি।

২. **স্-জাত বিসর্গ :** স্ স্থানে যে বিসর্গ হয় তাকে বলে স্ - জাত বিসর্গ।
যেমন- নমস্-নমঃ, পুরস্-পুরঃ, শিরস্-শিরঃ, তিরস্-তিরঃ, মনস্-মনঃ, তপস্-তপঃ ইত্যাদি।

বিসর্গের সাথে অর্থাৎ র্ ও স্-এর সাথে স্বরধ্বনির কিংবা ব্যঞ্জনধ্বনির যে সন্ধি হয় তাকে বিসর্গ সন্ধি বলে।

বিসর্গ সন্ধি দু' ভাবে সাধিত হয়:
১. বিসর্গ + স্বর এবং ২. বিসর্গ + ব্যঞ্জন।

১. **বিসর্গ ও স্বরের সন্ধি**

অ-ধ্বনির পরস্থিত বিসর্গের পর অ ধ্বনি থাকলে অ+ঃ + অ-এ তিনে মিলে 'ও'- কার হয়। যেমন- ততঃ+অধিক = ততোধিক।

২. **বিসর্গ ও ব্যঞ্জনের সন্ধি**

**ক. অ-কারের পরস্থিত স্-জাত বিসর্গের পর ঘোষ ধ্বনি কিংবা হ, য, ব, র, ল থাকলে অ-কার ও স্ - জাত বিসর্গ উভয় স্থলে ও কার হয়।**

**যেমন-** তিরঃ + ধান = তিরোধান,
মনঃ + রম = মনোরম,
মনঃ + হর = মনোহর,
তপঃ + বন = তপোবন ইত্যাদি।

**খ. অ-কারের পরস্থিত র্ জাত বিসর্গের পর স্বরধ্বনি ও উপরিউক্ত ধ্বনিসমূহের কোনোটি থাকলে বিসর্গ স্থানে 'র্' হয়।**

**যেমন-**

অন্তঃ + গত = অন্তর্গত — অন্তঃ + ধান = অন্তর্ধান
পুনঃ + আয় = পুনরায় — পুনঃ + উক্ত = পুনরুক্ত
অহঃ + অহ = অহরহ

এরূপ- পুনর্জন্ম, পুনর্বার, অন্তর্ভুক্ত, পুনরপি, অন্তর্বর্তী ইত্যাদি।



**গ. অ ও আ ভিন্ন অন্য স্বরের পরে বিসর্গ থাকলে এবং তার সঙ্গে অ, আ, ঘোষ ধ্বনি কিংবা হ, য, ব, র, ল-এর সন্ধি হলে বিসর্গ স্থানে 'র্' হয়।**

**যেমন:**

নি ঃ + আকার = নিরাকার,
আশীঃ + বাদ = আশীর্বাদ,
দুঃ + যোগ = দুর্যোগ ইত্যাদি ।

এরূপ- নিরাকরণ, জ্যোতির্ময়, প্রাদুর্ভাব, নির্জন, বহির্গত, দুর্লভ, দুরন্ত ইত্যাদি ।

**ব্যতিক্রম:** ই কিংবা উ ধ্বনির পরের বিসর্গের সঙ্গে 'র' এর সন্ধি হলে বিসর্গের লোপ হয় ও বিসর্গের পূর্ববর্তী হ্রস্ব স্বর দীর্ঘ হয় । যেমন- নিঃ + রব = নীরব, নিঃ + রস = নীরস ইত্যাদি ।

**ঘ. বিসর্গের পর অঘোষ অল্পপ্রাণ কিংবা মহাপ্রাণ তালব্য ব্যঞ্জন/ 'চ', 'ছ' থাকলে বিসর্গের স্থলে তালব্য শিশ ধ্বনি/ 'শ' হয়, অঘোষ অল্পপ্রাণ কিংবা অঘোষ মহাপ্রাণ মূর্ধন্য ব্যঞ্জন/'ট', 'ঠ' থাকলে বিসর্গ স্থলে মূর্ধন্য শিশ ধ্বনি/'ষ' হয়, অঘোষ অল্পপ্রাণ কিংবা অঘোষ মহাপ্রাণ দন্ত্য ব্যঞ্জনের /'ত', 'থ' স্থলে দন্ত্য শিশ ধ্বনি/'স' হয়।**

**যেমন-**

- ঃ + চ / ছ = শ্ + চ/ ছ
  নিঃ + চয় = নিশ্চয়,
  শিরঃ + ছেদ = শিরশ্ছেদ ।
- ঃ + ট/ঠ = ষ্ + ট / ঠ
  ধনুঃ + টঙ্কার = ধনুষ্টঙ্কার,
  নিঃ + ঠুর = নিষ্ঠুর ।
- ঃ + ত / থ = স্ + ত/ থ
  দুঃ + তর = দুস্তর
  দুঃ + থ = দুস্থ ।

**ঙ. অঘোষ অল্পপ্রাণ ও অঘোষ মহাপ্রাণ কণ্ঠ্য কিংবা ওষ্ঠ্য ব্যঞ্জন (ক, খ, প, ফ) পরে থাকলে অ বা আ ধ্বনির পরস্থিত বিসর্গ স্থলে অঘোষ দন্ত্য শিশ ধ্বনি (স্) হয় এবং অ বা আ ব্যতীত অন্য স্বরধ্বনির পরস্থিত বিসর্গ স্থলে অঘোষ মূর্ধন্য শিশ্ ধ্বনি (ষ) হয়।**

**যেমন-**

অ এর পরে বিসর্গ- ঃ + ক = স্ + ক     নমঃ + কার = নমস্কার
অ এর পরে বিসর্গ- ঃ + খ = স্ + খ     পদঃ +খলন = পদস্খলন ।
ই এর পরে বিসর্গ- ঃ + ক = ষ + ক     নিঃ + কর = নিষ্কর ।
উ এর পরে বিসর্গ- ঃ + ক = ষ + ক     দুঃ + কর = দুষ্কর ।

এরূপ- পুরস্কার, মনস্কামনা, তিরস্কার, চতুষ্পদ, নিষ্ফল, নিষ্পাপ, দুষ্প্রাপ্য, বহিস্কৃত, দুস্কৃতি, আবিষ্কার, চতুষ্কোণ, বাচস্পতি, ভাস্কর ইত্যাদি ।

**চ. কোনো কোনো ক্ষেত্রে সন্ধির বিসর্গ লোপ হয় না।**

**যেমন-** প্রাতঃ + কাল = প্রাতঃকাল,
মনঃ + কষ্ট = মনঃ কষ্ট,
শিরঃ + পীড়া = শিরঃপীড়া ।

**ছ. যুক্ত ব্যঞ্জন ধ্বনি স্ত, স্থ কিংবা স্প পরে থাকলে পূর্ববর্তী বিসর্গ অবিকৃত থাকে অথবা লোপ পায়।**

**যেমন-** নিঃ + স্তব্ধ = নিঃস্তব্ধ কিংবা নিস্তব্ধ ।
দুঃ + স্থ = দুঃস্থ কিংবা দুস্থ ।
নিঃ + স্পন্দ = নিঃস্পন্দ কিংবা নিস্পন্দ ।

**কয়েকটি বিশেষ বিসর্গ সন্ধির উদাহরণ**

বাচঃ + পতি = বাচস্পতি
ভাঃ + কর = ভাস্কর
অহঃ + নিশা = অহর্নিশ
অহঃ + অহ = অহরহ ইত্যাদি ।

## নিপাতনে সিদ্ধ বিসর্গ সন্ধি-

"ভাস্কর ও বাচস্পতি প্রাতঃকালে অহরহ শিরঃপীড়ায় পড়ে আস্পদ করতে করতে অহর্নিশ মনঃকষ্টে ভোগে" ।- হরিশচন্দ্র ।

## অত্যন্ত গুরুত্বপূর্ণ কিছু সন্ধি বিচ্ছেদ

| | |
|---|---|
| অকুতোভয় = অকুতঃ + ভয় | অক্ষৌহিনী = অক্ষ + ঊহিণী |
| অন্যান্য = অন্য + অন্য | অন্তরঙ্গ = অন্তঃ + অঙ্গ |
| অন্বেষণ = অনু + এষণ | অভীষ্ট = অভি + ইষ্ট |
| অহর্নিশ = অহঃ + নিশা | অহরহ = অহঃ + অহ |
| অহংকার = অহম্ + কার | আদ্যোপান্ত = আদি + উপান্ত |
| আবির্ভাব = আবিঃ+ ভাব | আবিষ্কার = আবিঃ + কার |
| উদ্ধার = উৎ + হার | উচ্ছৃঙ্খল = উৎ + শৃঙ্খল |
| উত্থাপন = উৎ + স্থাপন | উদ্ধৃত = উৎ + হৃত |
| উত্থান = উৎ + স্থান | উচ্ছেদ = উৎ + ছেদ |
| উত্তমর্ণ = উত্তম + ঋণ | উজ্জ্বল = উৎ + জ্বল |
| উপর্যুপরি = উপরি + উপরি | উপর্যুক্ত = উপরি + উক্ত |
| এদ্দুর = এত + দুর | কথোপকথন = কথা + উপকথন |
| কটাক্ষ = কটু + অক্ষ | কুজ্ঝটিকা = কুৎ + ঝটিকা |
| কুলটা = কুল + অটা | ক্ষুধার্ত = ক্ষুধা + ঋত |
| কৃষ্টি = কৃষ্ + তি | গুরূক্তি = গুরু + উক্তি |
| গবাক্ষ = গো + অক্ষ | গবেষণা = গো + এষণা |
| গায়ক = গৈ + অক | গোষ্পদ = গো + পদ |
| জনৈক = জন + এক | জগন্নাথ = জগৎ + নাথ |
| চলচ্চিত্র = চলৎ + চিত্র | ততোধিক = ততঃ + অধিক |
| তন্বী = তনু + ঈ | তৃষ্ণার্ত = তৃষ্ণা + ঋত |
| তুষ্ট = তুষ্ + ত | দুশ্চিন্তা = দুঃ + চিন্তা |
| দুরূহ = দুঃ + উহ | দুর্যোগ = দুঃ + যোগ |
| দুরবস্থা = দুঃ + অবস্থা | দুর্নীতি = দুঃ + নীতি |
| দ্যুলোক = দিব্ + লোক | দুর্লভ = দুঃ + লভ |
| দুশ্ছেদ্য = দুঃ + ছেদ্য | দুস্থ = দুঃ + স্থ/থ |
| দুরপনেয় = দুঃ + অপনেয় | নবোঢ়া = নব + ঊঢ়া |
| নশ্বর = নশ্ + বর | ণিজন্ত = ণিচ্ + অন্ত |
| নিরন্ন = নিঃ + অন্ন | নিরাকার = নিঃ + আকার |
| নীরস = নিঃ + রস | নীরোগ = নিঃ + রোগ |
| নীরব = নিঃ + রব | পবন = পো + অন |
| পরস্পর = পরঃ + পর | পদ্ধতি = পদ + হতি |
| পর্যবেক্ষণ = পরি + অবেক্ষণ | পর্যায় = পরি + আয় |
| পর্যালোচনা =পরি + আলোচনা | প্রত্যুক্তি = প্রতি + উক্তি |
| প্রত্যূষ = প্রতি + উষ | পাবক = পৌ + অক |
| প্রেম = প্রিয় + ইমন | বিম্বোষ্ঠ = বিম্ব + ওষ্ঠ |
| বৃহস্পতি = বৃহৎ+পতি | বাগাড়ম্বর = বাক্ + আড়ম্বর |
| বনৌষধি = বন + ওষধি | ব্যর্থ = বি + অর্থ |
| বৃষ্টি = বৃষ্ + তি | মস্যাধার = মসী + আধার |
| ভ্রাতুষ্পুত্র = ভ্রাতুঃ + পুত্র | মাত্রাধিক্য = মাত্রা + আধিক্য |
| মৃন্ময় = মৃৎ + ময় | মনীষা = মনস্ + ঈষা |
| মুখচ্ছবি = মুখ + ছবি | মনোনয়ন = মনঃ + নয়ন |





| | |
|---|---|
| মন্বন্তর = মনু + অন্তর | শতেক = শত + এক |
| মহৈশ্বর্য = মহা + ঐশ্বর্য | শান্ত = শাম্ + ত |
| শ্রদ্ধাঞ্জলি = শ্রদ্ধা + অঞ্জলি | ষড়ঋতু = ষট্ + ঋতু |
| শীতার্ত = শীত + ঋত | সংখ্যা = সম্ + খ্যা |
| ষষ্ঠ = ষষ্ + থ | সংশপ্তক = সম্ + শপ্তক |
| সন্ধান = সম্ + ধান | সংহার = সম্ + হার |
| সঞ্চয় = সম্ + চয় | সন্ধি = সম্ + ধি |
| সন্নিহিত = সম্ + নিহিত | সংশয় = সম্ + শয় |

| | |
|---|---|
| সংগীত = সম্ + গীত | সদ্যোজাত = সদ্যঃ + জাত |
| সুধীন্দ্র = সুধী + ইন্দ্র | স্বাধীনতা = স্ব + অধীনতা |
| স্বেচ্ছা = স্ব + ইচ্ছা | সদানন্দ = সদা + আনন্দ |
| সুবন্ত = সুপ্ + অন্ত | রবীন্দ্র = রবি + ইন্দ্র |
| স্বাগত = সু + আগত | রাজ্ঞী = রাজ্ + নী |
| রত্নাকর = রত্ন + আকর | যশোলাভ = যশঃ + লাভ |
| লবণ = লো + অন | হিমাচল = হিম + অচল |
| হিংসা = হিন্ + সা | |

## এক কথায় উত্তর

**১. সন্ধি কী?**
**উত্তর:** সন্নিহিত দুটো ধ্বনির মিলন।

**২. সন্ধির উদ্দেশ্য কী?**
**উত্তর:** উচ্চারণে সহজপ্রবণতা ও ধ্বনিগত মাধুর্য সম্পাদন।

**৩. 'স্বাগত'- এর সন্ধি বিচ্ছেদ কী?**
**উত্তর:** সু + আগত।

**৪. সন্ধি কত প্রকার?**
**উত্তর:** ২ প্রকার।

**৫. হিমাচল শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?**
**উত্তর:** হিম্ + অচল = হিমাচল।

**৬. মহার্ঘ কোন সন্ধি?**
**উত্তর:** স্বরসন্ধি।

**৭. বর্ণ ও বর্ণের মিলনে হয়-**
**উত্তর:** সন্ধি।

**৮. বাংলা কোন পদের সাথে সন্ধি হয় না?**
**উত্তর:** ক্রিয়াপদ।

**৯. মরূদ্যান এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?**
**উত্তর:** মরু + উদ্যান।

**১০. সদানন্দ কোন সন্ধির উদাহরণ?**
**উত্তর:** তৎসম স্বরসন্ধি।

**১১. গবেষণা এর সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** গো + এষণা।

**১২. সন্ধি বিচ্ছেদ কর- শ্রবণ-**
**উত্তর:** শ্রু + অন।

**১৩. যে সন্ধি কোন নিয়ম অনুসরণ করে না তাকে বলে-**
**উত্তর:** নিপাতনে সিদ্ধ সন্ধি।

**১৪. অহরহ কোন সন্ধির উদাহরণ?**
**উত্তর:** বিসর্গ সন্ধি।

**১৫. শীতার্ত এর সন্ধি বিচ্ছেদ কোনটি?**
**উত্তর:** শীত + ঋত।

**১৬. 'মনঃকষ্ট'-এর সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** মনঃ + কষ্ট।

**১৭. 'পিত্রালয়' শব্দের সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** পিতৃ + আলয়।

**১৮. 'ততোধিক' শব্দের সন্ধি-বিচ্ছেদ করলে পাওয়া যায়-**
**উত্তর:** ততঃ +অধিক।

**১৯. 'রবীন্দ্র' – এর সন্ধি বিচ্ছেদ কী?**
**উত্তর:** রবি + ইন্দ্র।

**২০. 'নিরবধি' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কী?**
**উত্তর:** নিঃ + অবধি।

**২১. 'পর্যালোচনা' একটি সন্ধিবদ্ধ শব্দ। এর সঠিক সন্ধি বিচ্ছেদ**
**উত্তর:** পরি + আলোচনা।

**২২. 'সংবাদ' এর সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** সম্ + বাদ।

**২৩. 'বহ্ন্যুৎসব' একটি সন্ধিবদ্ধ শব্দ। এর সন্ধি বিচ্ছেদ করলে পাই-**
**উত্তর:** বহ্নি + উৎসব।

**২৪. 'নাবিক'-এর সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** নৌ + ইক।

**২৫. 'চলচ্চিত্র' –এর সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** চলৎ + চিত্র।

**২৬. 'বৃষ্টি' একটি সন্ধিবদ্ধ শব্দ। এর সন্ধি বিচ্ছেদ করলে পাওয়া যায়-**
**উত্তর:** বৃষ+তি।

**২৭. পদ্ধতি' শব্দের সন্ধিবিচ্ছেদ করলে পাওয়া যায়-**
**উত্তর:** পদ্ + হতি।

**২৮. 'বৃহস্পতি' একটি সন্ধিবদ্ধ শব্দ। এর সন্ধিবিচ্ছেদ করলে পাওয়া যায়-**
**উত্তর:** বৃহৎ + পতি।

**২৯. 'মনোযোগ' শব্দটি কোন সন্ধিতে গঠিত?**
**উত্তর:** বিসর্গ সন্ধি।

**৩০. 'বনস্পতি'-এর সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** বন + পতি।

**৩১. প্রত্যুষ শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** প্রতি + ঊষ।

**৩২. 'মনীষা'-এর সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** মনস্ + ঈষা।

**৩৩. 'শীতার্ত'-এর সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** শীত + ঋত।

**৩৪. 'দৈনিক' শব্দের সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** দিন + এক।

**৩৫. 'জনৈক' শব্দটির সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** জন + এক।

**৩৬. 'অহরহ' শব্দটির সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** অহঃ + অহ।

**৩৭. 'ব্যর্থ' শব্দটির সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** বি + অর্থ ।
**৩৮. 'উল্লাস' এর সন্ধিবিচ্ছেদ-**
**উত্তর:** উৎ + লাস ।
**৩৯. 'মনস্তাপ'-এর সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** মনঃ + তাপ ।
**৪০. 'কাঁদুনি' শব্দের সন্ধি বিচ্ছেদ হচ্ছে-**
**উত্তর:** কাঁদ + উনি ।
**৪১. 'মোড়ক' শব্দের সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** মুড়+ অক ।
**৪২. 'যদ্যপি' এর সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** যদি + অপি ।
**৪৩. সংসার' –এর সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** সম্ + সার ।
**৪৪. 'ধার' শব্দটির সন্ধি বিচ্ছেদ হবে-**
**উত্তর:** ধার +অ ।
**৪৫. "বৈঠক" শব্দের সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** বৈঠ্ + ক ।
**৪৬. 'জলৌকা' শব্দের সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** জল + ওকা ।
**৪৭. 'স্বাগত'-এর সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** সু + আগত ।
**৪৮. দুই বর্ণের পরস্পর মিলনকে কী বলে?**
**উত্তর:** সন্ধি ।
**৪৯. 'ক্ষুধার্ত' শব্দের সন্ধি-বিচ্ছেদ-**
**উত্তর:** ক্ষুধা + ঋত ।
**৫০. 'ষোড়শ' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** ষট + দশ ।
**৫১. 'নিশ্চয়' -এর সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** নিঃ + চয় ।
**৫২. 'শিরঃ + ছেদ' -এর সন্ধি-**
**উত্তর:** শিরশ্ছেদ ।
**৫৩. 'বাগদান'-এর সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** বাক্ + দান ।
**৫৪. 'গবেষণা'-এর সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** গো + এষণা ।
**৫৫. 'দুর্যোগ' এর সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** দুঃ + যোগ ।
**৫৬. 'সন্ধান' শব্দের সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** সম্ + ধান ।
**৫৭. মহেন্দ্র শব্দের সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** মহা + ইন্দ্র ।
**৫৮. 'আশ্চর্য' এর সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** আ + চর্য ।
**৫৯. 'পুরস্কার' এর সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** পুরঃ + কার ।
**৬০. 'দিব + লোক' কোন সন্ধির উদাহরণ?**
**উত্তর:** স্বরসন্ধি ।
**৬১. 'দুশ্চরিত্র'-এর সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** দুঃ + চরিত্র ।
**৬২. 'অত্যন্ত' এর সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** অতি + অন্ত ।
**৬৩. 'অধোগতি' শব্দের সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** অধঃ + গতি ।
**৬৪. 'তপোবন' এর সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** তপঃ + বন ।
**৬৫. 'চতুষ্পদ' শব্দের সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** চতুঃ + পদ ।
**৬৬. 'মতৈক্য' শব্দের সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** মত + ঐক্য ।
**৬৭. জাতি + অভিমান-**
**উত্তর:** জাত্যভিমান ।
**৬৮. 'মৃন্ময়' শব্দের সন্ধি-বিচ্ছেদ কর-**
**উত্তর:** মৃৎ + ময় ।
**৬৯. ক্ষুৎপিপাসা শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?**
**উত্তর:** ক্ষুধ্ + পিপাসা ।
**৭০. ক্ষুন্নিবৃত্তি শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ-**
**উত্তর:** ক্ষুধ্ + নিবৃত্তি ।



## Teacher's Work

**১. 'বাগাড়ম্বর' শব্দের সন্ধি-বিচ্ছেদ-** [৩০তম বিসিএস]
ক. বাগ + আম্বর — খ. বাগ + আড়ম্বর
গ. বাক + অম্বর — ঘ. বাক্ + আড়ম্বর — ঘ

**২. 'ষড়ঋতু' শব্দের সন্ধি-বিচ্ছেদ-** [১৭তম বিসিএস]
ক. ষড় + ঋতু — খ. ষড়ু + ঋতু
গ. ষট + ঋত — ঘ. ষট্ + ঋতু — ঘ

**৩. 'সদ্যোজাত' শব্দের সন্ধি-বিচ্ছেদ-** [৩৮তম বিসিএস]
ক. সৎ + জাত — খ. সদ্যো + জাত
গ. সদ্যঃ + জাত — ঘ. সদ্য + জাত — গ

**৪. 'চতুষ্পদ' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [১৭তম শিক্ষক নিবন্ধন'২২; ১৩তম শিক্ষক নিবন্ধন'১৬]
ক. চতুর + পদ — খ. চতুষ + পদ
গ. চতু + পদ — ঘ. চতুঃ + পদ — ঘ

**৫. 'দ্যুলোক' শব্দের যথার্থ সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [১৫তম বিসিএস]
ক. দুঃ + লোক — খ. দিব্ + লোক
গ. দ্বি + লোক — ঘ. দ্বিঃ + লোক — খ

**৬. পরস্পর কাছাকাছি ধ্বনি বা বর্ণের মিলনকে বলে/পাশাপাশি দুটি বর্ণ বা ধ্বনির মিলনকে কী বলে?**
ক. সন্ধি — খ. সমাস
গ. কারক — ঘ. প্রত্যয় — ক

**৭. 'প্রাতরাশ' শব্দের সন্ধি বিচ্ছেদ-** [১৫তম বিসিএস]
ক. প্রাতঃ + আম — খ. প্রাতঃ + রাশ
গ. প্রাতঃ + আশ — ঘ. প্রাত + রাম — গ

**৮. উপরি+উক্ত মিলে কোন শব্দ গঠিত হয়?**
ক. উপরিক্ত — খ. উপর্যুক্ত
গ. উপরুক্ত — ঘ. উপরোক্ত — খ





# বাগ্‌ধারা

১. অকাল কুষ্মাণ্ড– অপদার্থ, অকেজো
২. অক্কা পাওয়া– মারা যাওয়া
৩. অগস্ত্য যাত্রা– চিরদিনের জন্য প্রস্থান
৪. অগাধ জলের মাছ– সুচতুর ব্যক্তি
৫. অর্ধচন্দ্র– গলা ধাক্কা
৬. অন্ধের যষ্ঠি– একমাত্র অবলম্বন
৭. অগ্নিশর্মা– নিরতিশয় ক্রুদ্ধ
৮. অগ্নিপরীক্ষা– কঠিন পরীক্ষা
৯. অন্ধকারে ঢিল মারা– আন্দাজে কাজ করা
১০. অকুল পাথার– ভীষণ বিপদ
১১. অনুরোধে ঢেঁকি গেলা– অনুরোধে দুরূহ কাজ সম্পন্ন করতে সম্মতি জ্ঞাপন
১২. অদৃষ্টের পরিহাস– ভাগ্যের নিষ্ঠুরতা
১৩. অল্পবিদ্যা ভয়ংকরী– সামান্য বিদ্যার অহংকার
১৪. অনধিকার চর্চা– সীমার বাইরে পদক্ষেপ
১৫. অরণ্যে রোদন– নিষ্ফল আবেদন
১৬. অহিনকুল সম্বন্ধ– ভীষণ শত্রুতা
১৭. অন্ধকার দেখা– দিশেহারা হয়ে পড়া
১৮. অমাবস্যার চাঁদ– দুর্লভ বস্তু
১৯. আকাশ কুসুম– অসম্ভব কল্পনা
২০. আকাশ পাতাল– প্রচুর ব্যবধান
২১. আক্কেল সেলামি– নির্বুদ্ধিতার দণ্ড
২২. আঙুল ফুলে কলাগাছ– হঠাৎ বড়লোক
২৩. আকাশের চাঁদ হাতে পাওয়া– দুর্লভ বস্তু প্রাপ্তি
২৪. আদায় কাঁচকলায়– শত্রুতা
২৫. আদা জল খেয়ে লাগা– প্রাণপণ চেষ্টা করা
২৬. আক্কেল গুড়ুম– হতবুদ্ধি, স্তম্ভিত
২৭. আমড়া কাঠের ঢেঁকি– অপদার্থ
২৮. আকাশ ভেঙে পড়া– ভীষণ বিপদে পড়া
২৯. আমতা আমতা করা– ইতস্তত করা, দ্বিধা করা
৩০. আটকপালে– হতভাগ্য
৩১. আঠার মাসে বছর– দীর্ঘসূত্রতা
৩২. আলালের ঘরের দুলাল– অতি আদরে বড় লোকের নষ্ট পুত্র
৩৩. আকাশে তোলা– অতিরিক্ত প্রশংসা করা
৩৪. আষাঢ়ে গল্প– আজগুবি কেচ্ছা
৩৫. ইঁদুর কপালে– নিতান্ত মন্দ ভাগ্য
৩৬. ইঁচড়ে পাকা– অকালপক্ব
৩৭. ইতর বিশেষ– পার্থক্য
৩৮. উত্তম মধ্যম– প্রহার, পিটুনি
৩৯. উড়নচণ্ডী– অমিতব্যয়ী
৪০. উভয় সংকট– শাখের করাত দেখা
৪১. উলুবনে মুক্ত ছড়ানো– অস্তানে মূল্যবান দ্রব্য প্রদান
৪২. উড়োচিঠি– বেনামি পত্র
৪৩. উড়ে এসে জুড়ে বসা– অনধিকারীর অধিকার
৪৪. একক্ষুরে মাথা মুড়ানো– একই স্বভাবের
৪৫. একচোখা– পক্ষপাতিত্ব, পক্ষপাতদুষ্ট
৪৬. এক মাঘে শীত যায় না– বিপদ একবারই আসে না
৪৭. এলোপাতাড়ি– বিশৃঙ্খলা
৪৮. এসপার ওসপার– মীমাংসা
৪৯. একাদশে বৃহস্পতি– সৌভাগ্যের বিষয়
৫০. এলাহি কাণ্ড– বিরাট আয়োজন
৫১. কলুর বলদ– একটানা খাটুনি
৫২. কথার কথা– গুরুত্বহীন কথা
৫৩. কপাল ফেরা– সৌভাগ্য লাভ
৫৪. কত ধানে কত চাল– হিসাব করে চলা
৫৫. কড়ায় গণ্ডায়– সম্পূর্ণ, পুরোপুরি
৫৬. কান খাড়া করা– মনোযোগী হওয়া
৫৭. কাঁচা পয়সা– নগদ উপার্জন
৫৮. কাঁঠালের আমসত্ত্ব– অসম্ভব বস্তু
৫৯. কূপমণ্ডুক– ঘরকুনো, সীমাবদ্ধ জ্ঞান সম্পন্ন
৬০. কেতাদুরস্ত– পরিপাটি
৬১. কাঠের পুতুল– নির্জীব, অসার
৬২. কথায় চিঁড়ে ভেজা– ফাঁকা বুলিতে কার্যসাধন
৬৩. কান পাতলা– সহজেই বিশ্বাসপ্রবণ
৬৪. কাছা ঢিলা– অসাবধান
৬৫. কুলকাঠের আগুন– তীব্র জ্বালা
৬৬. কেঁচো খুঁড়তে সাপ– সামান্য থেকে অসামান্য পরিস্থিতি
৬৭. কেউকেটা– সামান্য
৬৮. কেঁচে গণ্ডুষ– পুনরায় আরম্ভ
৬৯. কৈ মাছের প্রাণ– যা সহজে মরে না
৭০. খয়ের খাঁ– চাটুকার
৭১. খণ্ড প্রলয়– তুমুল কাণ্ড, ভীষণ ব্যাপার
৭২. গড্ডলিকা প্রবাহ– অন্ধ অনুকরণ
৭৩. গদাই লস্করি চাল– অতি ধীর গতি, আলসেমি
৭৪. গণেশ উল্টানো– উঠে যাওয়া, ফেল মারা
৭৫. গলগ্রহ– পরের বোঝাস্বরূপ থাকা
৭৬. গোঁয়ার গোবিন্দ– নির্বোধ অথচ হঠকারী
৭৭. গোল্লায় যাওয়া– নষ্ট হওয়া, অধঃপাতে যাওয়া
৭৮. গোবর গণেশ– মূর্খ
৭৯. গাছে তুলে মই কাড়া– আশা দিয়ে আশ্বাস ভঙ্গ করা
৮০. গায়ে ফুঁ দিয়ে বেড়ানো– কোনো দায়িত্ব গ্রহণ না করা
৮১. গোঁফ খেজুরে– নিতান্ত অলস
৮২. গোড়ায় গলদ– শুরুতে ভুল
৮৩. গুড়ে বালি– আশায় নৈরাশ্য
৮৪. ঘর ভাঙানো– সংসার বিনষ্ট করা
৮৫. ঘাটের মড়া– অতি বৃদ্ধ
৮৬. ঘোড়ারোগ– সাধ্যের অতিরিক্ত সাধ
৮৭. ঘোড়া ডিঙিয়ে ঘাস খাওয়া– মধ্যবর্তীকে অতিক্রম করে কাজ করা
৮৮. চাঁদের হাট– আনন্দের প্রাচুর্য
৮৯. চিনির বলদ– ভারবাহী তবে ফল লাভের অংশীদার নয়
৯০. চোখের বালি– চক্ষুশূল
৯১. চোখের পর্দা– লজ্জা
৯২. ছকড়া নকড়া– সস্তা দর
৯৩. ছা-পোষা– অত্যন্ত গরিব
৯৪. ছিনিমিনি খেলা– নষ্ট করা

৯৫. ছেলের হাতের মোয়া– সহজলভ্য বস্তু
৯৬. জগাখিচুড়ি পাকানো– গোলমাল বাধানো
৯৭. জিলাপির প্যাঁচ– কুটিলতা
৯৮. ঝোপ বুঝে কোপ মারা– সুযোগ মতো কাজ করা
৯৯. টনক নড়া– চৈতন্যোদয় হওয়া/ বুঝে ওঠা
১০০. ঠাট বজায় রাখা– অভাব চাপা রাখা
১০১. ঠোঁটকাটা– বেহায়া
১০২. ডুমুরে ফুল– অমাবস্যার চাঁদ দেখা
১০৩. ঢাক ঢাক গুড় গুড়– গোপন রাখার চেষ্টা
১০৪. ঢাকের কাঠি– মোসাহেব
১০৫. তালকানা– বেতাল হওয়া
১০৬. তাসের ঘর– ক্ষণস্থায়ী বস্তু
১০৭. তামার বিষ– অর্থের কু প্রভাব
১০৮. থ বনে যাওয়া– স্তম্ভিত হওয়া
১০৯. দা-কুমড়া– অহিনকুল সম্পর্ক/বৈরী সম্পর্ক
১১০. দহরম মহরম– ঘনিষ্ঠ সম্পর্ক
১১১. দুমুখো সাপ–দুজনকে দুরকম কথা বলে পরস্পরের মধ্যে শত্রুতা সৃষ্টিকারী
১১২. দুধের মাছি– সুসময়ের বন্ধু
১১৩. ধরাকে সরা জ্ঞান করা– সকলকে তুচ্ছ ভাবা
১১৪. ধরি মাছ না ছুঁই পানি– কৌশলে কার্যোদ্ধার
১১৫. ননীর পুতুল– শ্রমবিমুখ
১১৬. নয়ছয়– অপচয়
১১৭. নেই আঁকড়া– একগুঁয়ে
১১৮. পটল তোলা– অক্কা পাওয়া
১১৯. পালের গোদা– দলপতি
১২০. পুকুরচুরি– বড় রকমের চুরি
১২১. ফপর দালালি– অতিরিক্ত চালবাজি
১২২. ফোড়ন দেওয়া– টিপ্পনি কাটা
১২৩. বক ধার্মিক/ বিড়াল তপস্বী– ভণ্ড সাধু
১২৪. বর্ণচোরা– কপট ব্যক্তি
১২৫. বালির বাঁধ– অস্থায়ী বস্তু
১২৬. বাঁ হাতের ব্যাপার– ঘুষ গ্রহণ
১২৭. বাঘের দুধ/ চোখ– দুঃসাধ্য বস্তু
১২৮. বিসমিল্লায় গলদ– গোড়ায় গলদ
১২৯. বুদ্ধির ঢেঁকি– নিরেট মূর্খ
১৩০. ব্যাঙের সর্দি– অসম্ভব ঘটনা
১৩১. ভরাডুবি– সর্বনাশ
১৩২. ভূতের বেগার– অযথা শ্রম
১৩৩. ভিজে বিড়াল– কপটচারী
১৩৪. ভুষণ্ডির কাক– দীর্ঘজীবী
১৩৫. মগের মুল্লুক– অরাজক দেশ
১৩৬. মণিকাঞ্চন যোগ– উপযুক্ত মিলন
১৩৭. মন না মতি– অস্থির মানব মন
১৩৮. মাছের মায়ের পুত্রশোক– কপট বেদনাবোধ
১৩৯. মিছরির ছুরি– মুখে মধু অন্তরে বিষ
১৪০. যক্ষের ধন– কৃপণের কড়ি
১৪১. রাঘব বোয়াল– সর্বগ্রাসী ক্ষমতাসীন ব্যক্তি
১৪২. রাবণের চিতা– চির অশান্তি
১৪৩. রাশভারি– গম্ভীর প্রকৃতির
১৪৪. রুই-কাতলা– পদস্থ বা নেতৃস্থানীয় ব্যক্তি
১৪৫. লেফাফা দুরস্ত– বাইরের ঠাট বজায় রেখে চলেন যিনি
১৪৬. শাঁখের করাত– উভয় সংকট
১৪৭. শাপে বর– অনিষ্টে ইষ্ট লাভ
১৪৮. সোনায় সোহাগা– মণিকাঞ্চন যোগ দ্রষ্টব্য
১৪৯. সাক্ষী গোপাল– নিষ্ক্রিয় দর্শক
১৫০. হাটে হাঁড়ি ভাঙা– গোপন কথা প্রকাশ করা
১৫১. হাতটান– চুরির অভ্যাস
১৫২. হাড় হাভাতে– হতভাগ্য
১৫৩. হালে পানি পাওয়া– সুবিধা করা

## এক কথায় উত্তর

১. **'ঊনপঞ্চাশ বায়ু' বাগধারাটির অর্থ কী?**
উত্তর: পাগলামি ।

২. **'অষ্টরম্ভা' অর্থ কী?**
উত্তর: ফাঁকি ।

৩. **'আঠার আনা'- বাগধারাটির অর্থ কী?**
উত্তর: বাড়াবাড়ি ।

৪. **উড়োচিঠি বাগধারাটির অর্থ কী?**
উত্তর: বেনামি পত্র ।

৫. **খয়ের খাঁ বাগধারাটির অর্থ কী?**
উত্তর: চাটুকার ।

৬. **ননীর পুতুল বাগধারাটির কী অর্থ প্রকাশ করে?**
উত্তর: শ্রমবিমুখ ।

৭. **'আস্তাকুঁড়ের পাতা' বাগধারাটির অর্থ?**
উত্তর: হেয় ব্যক্তি ।

৮. **অন্তর টিপুনি অর্থ-**
উত্তর: গোপন ব্যথা ।

৯. **ঊনকোটি চৌষট্টি বাগধারাটির অর্থ-**
উত্তর: প্রায় সম্পূর্ণ ।

১০. **অজগর বৃত্তি বাগধারাটি দ্বারা বুঝায়-**
উত্তর: আলসেমি ।

১১. **কাছা ঢিলা বাগধারাটি কোন অর্থে ব্যবহার হয়েছে?**
উত্তর: অসাবধান ।

১২. **ছকড়া নকড়া বাগধারাটি দিয়ে বুঝানো হয়েছে-**
উত্তর: সস্তা দর ।

১৩. **'গলগ্রহ' বাগধারাটির অর্থ কী?**
উত্তর: পরের বোঝাস্বরূপ থাকা ।

১৪. **'চাঁদের হাট' বাগধারাটির অর্থ-**
উত্তর: আনন্দের প্রাচুর্য ।

১৫. **তামার বিষ বাগধারাটির কি অর্থে ব্যবহার হয়েছে?**
উত্তর: অর্থের কুপ্রভাব ।

১৬. **অগত্যা মধুসূদন বাগধারাটির অর্থ কী?**
উত্তর: অনন্যোপায় হয়ে ।

## Teacher's Work

১. **'অর্ধচন্দ্র' এর অর্থ-** [৪৪, ১১তম বিসিএস]
ⓚ গলাধাক্কা দেয়া　ⓚ অমাবস্যা　ⓖ দ্বিতীয়ত　ⓖ কাস্তে　উত্তর: ক

২. **কোন প্রবচনটি 'হতভাগ্য' অর্থে ব্যবহৃত?** [১৪তম বিসিএস]
ⓚ আট কপালে　ⓚ উড়াচণ্ডী　ⓖ ছা-পোষা　ⓖ ভূষণ্ডির কাক　উত্তর: ক

৩. **'ইতর বিশেষ' বলতে বোঝায়-** [৪৪তম বিসিএস]
ⓚ দুর্বৃত্ত　ⓚ চালাকি　ⓖ পার্থক্য　ⓖ অপদার্থ　উত্তর: গ

৪. **'একাদশে বৃহস্পতি' অর্থ কী?**
ⓚ সৌভাগ্যের বিষয়　ⓚ আশার কথা　ⓖ মজা পাওয়া　ⓖ আনন্দের বিষয়　উত্তর: ক

# একই শব্দের বিভিন্নার্থ প্রয়োগ

শব্দই ভাষার সম্পদ। বাংলা ভাষার শব্দ ভান্ডারে অসংখ্য শব্দ রয়েছে। এক একটি শব্দের এক একটি বিশেষ অর্থ আছে।

কিন্তু অনেক সময় দেখা যায় যে কোন একটি শব্দ শুধুমাত্র একটি বিশেষ অর্থে ব্যবহৃত না হয়ে ভিন্ন ভিন্ন বিশেষ বিশেষ অর্থে ব্যবহৃত হয়। শব্দের এরূপ ব্যবহারকে ভিন্নার্থে প্রয়োগ বলা হয়। বাংলা ব্যাকরণে এরূপ কতকগুলো শব্দের ভিন্নার্থক বিশেষ্য, বিশেষণ ও ক্রিয়াপদের প্রয়োগ দেখানো হলো–

### অঙ্ক

১. ক্রোড় -শিশুর কাছে মাতৃক্রোড়ই সবচেয়ে নিরাপদ।
২. গণিত- সে অঙ্কে ভালো নম্বর পেয়েছে।
৩. নাটকের অধ্যায়- নাটকটি তিন অঙ্কে বিভক্ত।
৪. হিসাব- যেভাবে ঋণের অঙ্ক বাড়াচ্ছ, শোধ করবে কেমনে?
৫. রেখা- সে কাগজে বিচিত্র অঙ্কপাত করল।

### অর্থ

৬. মানে - মনোযোগ দিয়ে পড়, তাহলেই অর্থ বুঝতে পারবে।
৭. ধন - সারাজীবন তো অর্থই জমালে, সুখ কতটুক পেলে?
৮. প্রয়োজন- অর্থ ছাড়া যে তুমি আসনি, তা তোমার মুখ দেখেই বোঝা যাচ্ছে।
৯. ইঙ্গিত- তোমার কথার অর্থ আমি বুঝতে পেরেছি।
১০. উদ্দেশ্য - জানি না হঠাৎ করে আমাকে টেলিগ্রাম করার অর্থ কি!

### উত্তর

১১. দিক বিশেষ- হিমালয় বাংলাদেশের উত্তরে অবস্থিত।
১২. জবাব- চুপ করে আছ কেন, উত্তর দাও।
১৩. পরবর্তী- স্বাধীনতাত্তোর বাংলাদেশে নাটকের প্রভূত উন্নতি সাধিত হয়েছে।
১৪. ভবিষ্যৎ- দোয়া করি উত্তরকালে তুমি একজন দেশবরেণ্য নেতা হও।
১৫. পরে - শব্দের উত্তরে প্রত্যয় ব্যবহৃত হয়।

### উপায়

১৬. কৌশল- চোরেরা চুরি করার আশায় নিত্যনতুন উপায় খুঁজে।
১৭. রোজগার- জমি বিক্রি করে আর কতদিন চলবে, একটা উপায় খুঁজ।
১৮. প্রতিকারের পথ- বিদ্যুৎ সমস্যা সমাধানের সঠিক উপায় খুঁজে বের করতে হবে।
১৯. আরোহণ করা- গাছে ওঠা খুব সহজ কাজ নয়।
২০. জাগা- আর কত ঘুমুবে, এবার উঠে পড়।
২১. সংগৃহীত- মহল্লায় নাটক হবে, ছেলেরা তাই বাড়ি বাড়ি চাঁদা উঠাচ্ছে।
২২. লোপ পাওয়া- স্বার্থের টানাপড়েন কলেজটি শেষ পর্যন্ত উঠেই গেল।
২৩. খুশি হওয়া- তাকে যতই দাও না কেন, মন উঠবে না।
২৪. ছাপা হওয়া- বাংলাদেশী খেলোয়াড়দের ক্রীড়ানৈপুণ্যের খবর ব্রিটেনের পত্রিকায় উঠেছে।

### উচ্চ

২৫. লম্বা - ইংরেজরা দৈহিকভাবে বেশ উচ্চ।
২৬. উদার- তাঁর মতো অমন উচ্চ মনের মানুষ আর দেখিনি।
২৭. ভালো- পত্রিকাটি উচ্চমানের।
২৮. সম্ভ্রান্ত- হোসেন শহীদ সোহরাওয়ার্দী উচ্চ বংশের সন্তান ছিলেন।
২৯. জোরাল- উচ্চকণ্ঠী নরেন বিশ্বাস আর বেঁচে নেই।

### কর

৩০. হাত- তোমার কর স্পর্শ করে আমি যে প্রতিজ্ঞা করেছিলাম, তা আমি রক্ষা করব।
৩১. খাজনা- সরকারের রাজস্ব আয়ের একটি বিরাট অংশ কর থেকে আসে।
৩২. কিরণ- আজি এ প্রভাতে রবির কর।
৩৩. হাতির শুঁড়- করীর আঘাতে ছোট ছেলেটির অকাল মৃত্যু হলো।
৩৪. করা- আর দেরি না করে কাজটি করে ফেল।

### কথা

৩৫. প্রতিশ্রুতি- কথা দিচ্ছি, তোমার কাজটি আমি করে দেব।
৩৬. অনুরোধ- আশা করি আমার কথা রাখবেন।
৩৭. প্রসঙ্গ- এ প্রজন্মকে মুক্তিযুদ্ধের কথা জানতে হবে।
৩৮. বাক্যলাপ- তার সাথে কথা বলে বড় আনন্দ পেয়েছি।
৩৯. গল্প- অনেক দিন আগের কথা, এক দেশে এক রাজা ছিল।

### করা

৪০. কাজ করা- তাড়াতাড়ি কাজটি করে ফেল।
৪১. কানভারী- স্বার্থ আদায়ের জন্য সে বড় সাহেবের কানভারী করছে।
৪২. গালাগালি করা- কথায় কথায় এত মুখ কর কেন?

৪৩. বশে আনা- তাকে হাত করতে গিয়ে তো পয়সা খোয়াচ্ছ, ফল কতটুক হবে?
৪৪. লালন-পালন করা- এ বাজারে সংসার লালন-পালন করা বড়ই কঠিন।
৪৫. ইতস্তত করা- যা করবার করে ফেল, এত ইতস্তত কর কেন?
৪৬. ভাড়া করা- পায়ে হেঁটে এতদূর যাওয়া যাবে না, রিক্সা করে যেতে হবে।
৪৭. সাহায্য করা- ভেব না, আমি তোমাকে সাহায্য করব।

## কড়া

৪৮. নির্মম- কুলি-মজুরদের সঙ্গে কড়া আচরণ করা ঠিক না।
৪৯. রন্ধনপত্র- এত ছোট কড়ায় কাজ হবে না।
৫০. কপর্দক- এত সম্পত্তির মালিক ছিলেন তিনি অথচ এখন এক কড়া সম্পত্তিও তার নেই।
৫১. দরজার হাতল- দরজায় কড়া নাড়ার শব্দে তার ঘুম ভেঙে গেল।
৫২. দৃঢ় চরিত্রের অধিকারী- অধ্যক্ষ হিসেবে তিনি বড়ই কড়া।

## কাঁচা

৫৩. অপক্ব- কাঁচা আমের স্বাদই আলাদা।
৫৪. অদক্ষ- তোমার এ কাঁচা হাতের লেখা অনেকেই বুঝবে না।
৫৫. অসিদ্ধ - মাংস ভালোভাবে সিদ্ধ হয়নি, কাঁচাই রয়েছে।
৫৬. মাটির তৈরি - বন্যায় বহু কাঁচা ঘর-বাড়ি ভেসে গেছে।
৫৭. অশুষ্ক- এ রকম কাঁচা কাঠ দিয়ে রান্না হবে না।
৫৮. কাল- চল্লিশের উপরে বয়স অথচ চুল তার কাঁচাই রয়েছে।
৫৯. অপরিণিত- এ কাঁচা বয়সে মেয়েটাকে বিয়ে দেয়া ঠিক হয়নি।

## কাল

৬০. সময়- তাকে দেখতে চাইলে আর কালক্ষেপণ করা ঠিক হবে না।
৬১. আগামীদিন, গতদিন- আমি আগামীকাল বাড়ি যাব।
৬২. অবস্থা- এখন শৈশবকালের কথাই বেশি মনে পড়ে।
৬৩. সর্বনাশের কারণ- রাজনীতিই তার জন্য কাল হয়ে এল।
৬৪. মৃত্যু - ভয়াবহ এইডস মানুষের জন্য কাল হয়ে এসেছে।

## কর্ম

৬৫. কাজ- কর্মের নেশায় সে পাগল হয়ে উঠেছে।
৬৬. অদৃষ্ট- কর্মফলকে অস্বীকার করবে কি করে?
৬৭. পেশা- এ কর্মে তার মন ভরছে না।
৬৮. কর্তব্য- কর্মই ধর্ম, কর্মই মুক্তি।
৬৯. অনুষ্ঠান- বিবাহের ক্রিয়াকর্মে অনেক টাকার প্রয়োজন।
৭০. সামর্থ্য- ছেলেটি কোন কর্মের নয়।

## কাটা

৭১. খন্ডিত করা- আমগুলো কেটে আন।
৭২. অপমানিত হওয়া- তার আচার-আচরণ দেখে লজ্জায় আমার মাথা কাটা গেল।
৭৩. সাঁতার কাটা - কতদিন হয় নদীতে সাঁতার কাটি না।
৭৪. খনন করা- পুকুর কেটে মাছের চাষ কর।
৭৫. বাজারে চলন- বইমেলায় নির্মলেন্দু গুণের বইয়ের বেশ কাটতি।
৭৬. চ্যুত হওয়া- সাবধানে গান গেও যাতে তাল না কেটে যায়।
৭৭. লজ্জিত হওয়া- তোমাকে জিভ কাটতে দেখেই বুঝে ফেলেছি যে তুমি লজ্জা পেয়েছ।

## কান্ড

৭৮. গাছের অংশ- বট গাছের বিশাল কান্ড থাকে।
৭৯. সাধারণ বিবেচনা- কান্ডজ্ঞান থাকলে কি সে একাজ করে?
৮০. অধ্যায়- উপন্যাসটি কয়েক কান্ডে বিভক্ত।
৮১. বিষয়- ছেলেদের কান্ড দেখে অবাক না হয়ে পারলাম না।
৮২. ব্যাপার- কি কান্ড বলতো দেখি?

## গা

৮৩. শরীর- গায়ে জ্বর আছে, গোসল করো না।
৮৪. ওঠা - অনেক ঘুমিয়েছ, এবার গা তুলো।
৮৫. আরাম করা- এভাবে কতদিন আর গায়ে ফুঁ দিয়ে চলবে।
৮৬. আত্মগোপন করা- এতগুলো টাকা মেরে সে গা ঢাকা দিল।
৮৭. গ্রাহ্য করা- কাজটি করে দেবার জন্য তোমাকে এত করে বলছি অথচ তুমি মোটেই গা করছ না।
৮৮. স্বস্তি পাওয়া- কালা জাহাঙ্গীর ধরা পড়েছে জেনে গা জুড়ালো।

## গরম

৮৯. উষ্ণ - এত গরম পড়েছে যে টেকাই দায়।
৯০. উত্তপ্ত - দুধটুকু গরম করে আন।
৯১. মসলা - মাংস পাকাতে হলে গরম মসলা প্রয়োজন।
৯২. উগ্র- সাধারণ কথায় এমন গরম হও কেন?
৯৩. পশমি কাপড়- শীত না নামতেই বাজারে গরম কাপড়ের ছড়াছড়ি।
৯৪. ধনের বড়াই- সামান্য কয়টা টাকা কামাই করেই এত গরম দেখাচ্ছ।

## গলা

৯৫. শরীরের বিশেষ প্রত্যঙ্গ -জিরাফের গলা লম্বা।
৯৬. উচ্চকণ্ঠ- সামান্য কয়টা টাকার জন্য এত বড় গলায় কথা বলছেন কেন?
৯৭. নিষ্ফল বক্তৃতা- গলাবাজি করলেই ভোট পাওয়া যায় না।
৯৮. ধিক্কারসূচক উক্তি- আর কিছু না পার, তো গলায় দড়ি দিয়ে মর।
৯৯. গম্ভীর - প্রিন্সিপাল স্যারের ভারী গলা আমাদের ভয় ধরিয়ে দেয়।
১০০. অধিক মূল্য হাঁকা- ঈদের বাজারে জিনিসপত্রের গলাকাটা দাম থাকে।

## গুণ

১০১. উৎকর্ষ- সে কোন গুণেরই না, একেবারে অপদার্থ।
১০২. পূরণ - দুই কে দুই দিয়ে গুণ করলে চার হয়।
১০৩. রজ্জু/রশি- বাতাস পড়ে যাওয়ায় মাঝিরা গুণ টানছে।
১০৪. বিশিষ্ট ধর্ম- লবণের সাথে চিনি মেশালে লবণের গুণ নষ্ট হয়।
১০৫. সুফল- বিদ্যাগুণে আজ সে এত বড় হয়েছে।

## ঘন

১০৬. গাঢ় - রক্তের উচ্চচাপ থাকলে ঘন দুধ না খাওয়াই ভালো।
১০৭. নিবিড় - আমাজান অববাহিকায় ঘন বন রয়েছে।
১০৮. দৈর্ঘ্য, প্রস্থ, ও উচ্চতার পরিমাণ- কক্ষটির ঘনফল নির্ণয় কর।
১০৯. মেঘ - 'নীল নবঘনে আষাঢ় গগনে, তিল ঠাঁই আর নাহিরে।
১১০. অল্প সময়ের ব্যবধান - সে এত ঘন ঘন আসছে কেন?

## চাল

১১১. চাউল- চাউলের দাম তেমন কমেনি।
১১২. ফন্দি - যে চাল চেলেছ, সে না এসে কি পারে?
১১৩. আশ্রয়- ঐ চালচুলোহীন ছেলের হাতে মেয়েকে তুলে দিতে চাও?
১১৪. ঘরের ছাদ- টর্নেডোতে বহুঘরের চাল উড়ে গেছে।
১১৫. ব্যবহার- তাঁর চালচলন দেখেই বোঝা যায়, তিনি বনেদি ঘরের সন্তান।
১১৬. অহংকার - খুব হয়েছে, আর বনেদি চাল দেখিও না।




## চোখ

১১৭. বুদ্ধি হওয়া- যাক কর্তাবাবুর চোখ তাহলে এতদিনে খুলেছে।
১১৮. রোগ বিশেষ - সাবধানে থেকো- অনেকেরই কিন্তু চোখ উঠেছে।
১১৯. ভয় দেখানো - এখনকার দিনে চোখ রাঙানিতে ফায়দা হয় না।
১২০. লজ্জাহীনতা- তুমি তো চোখের মাথা খেয়েছ, কিছুই দেখছ না।
১২১. খেয়াল রাখা- ছেলেটার উপরে একটু চোখ রাখবেন, যেন দুষ্টুমি না করে।

## ছল

১২২. দোষ- কথার ছল ধরাটা তার পুরনো অভ্যাস।
১২৩. ছলনা- তোমার এ ছলচাতুরী একদিন ধরা পড়ে যাবে।
১২৪. কপট - সে যে এত বড় ছল, তা আগে জানতাম না।
১২৫. প্রসঙ্গ - কিছু মনে করে না, এমনি কথাচ্ছলে একথা বললাম।
১২৬. উদ্দেশ্য - গুপ্তচরটি কোন না কোন ছলে ফকির সেজেছে।

## ছোট

১২৭. ক্ষুদ্র - 'আমাদের ছোট নদী চলে বাঁকে বাঁকে।'
১২৮. কনিষ্ঠ -সে আমার ছোট ভাই।
১২৯. নম্র - বড় হতে চাইলে আগে ছোট হতে হয়।
১৩০. নীচ - ছিঃ! এত ছোট মন তোমার।
১৩১. অনধিকার চর্চা - ছোটমুখে বড় কথা মানায় না।

## জোর

১৩২. উদাত্ত - তিনি জোর গলায় ঘোষণা করলেন যে, তিনি সব সময় আমাদের পাশে থাকবেন।
১৩৩. শক্তি - জোর যার মুল্লুক তার।
১৩৪. জবরদস্তি -মামুনের দোকান থেকে চাঁদাবাজরা জোর করে পঞ্চাশ হাজার টাকা নিয়ে গেল।
১৩৫. আস্ফালন- গলার জোর দেখাও কেন? তোমাকে আমি ডরাই নাকি।
১৩৬. দ্রুত - জোর কদম, চলরে চল।

## জাল

১৩৭. নকল- এ জাল দলিল আমি মানি না।
১৩৮. মায়া, ছল- জুয়েল আইচের ইন্দ্রজালে কে না অভিভূত হয়?
১৩৯. ফাঁদ - জেলেরা জাল দিয়ে মাছ ধরে।
১৪০. কপট - জাল পীরের খপ্পরে পড়ে তার সর্বনাশ হয়েছে।
১৪১. মারপাঁচ - তার বুদ্ধির জ্বালে আমি জড়িয়ে গেছি।

## তাল

১৪২. মাত্রাজ্ঞান - লোকটির গলা ভালো কিন্তু তাল বোধ একদম নেই।
১৪৩. ভারসাম্য - সংসারের ঝামেলায় আর তাল সামলাতে পারছি না।
১৪৪. ফলবিশেষ - তালের পিঠা বেজায় মিঠা।
১৪৫. পাল্লা দেয়া- খামাখা তালাতালি করো না, ওর সাথে তোমরা পারবে না।
১৪৬. মার - তাড়াতাড়ি সরে পড়, নইলে পিঠের উপর কিন্তু তাল পড়বে?

## তোলা

১৪৭. ব্যবসায় গুটানো - ধার দেনা যেভাবে পড়ে গেছে, দোকানপাট না তুলে উপায় নেই।
১৪৮. প্রহার - যখন-তখন ছেলের গায়ে হাত তোল না।
১৪৯. মারা যাওয়া - অনেক বয়স হয়েছে লোকটির, যে কোন সময় তিনি পটল তুলতে পারেন।
১৫০. আলস্য প্রকাশ করা - ঘন ঘন হাই তুলছ কেন? ঘুমাতে যাবে নাকি?
১৫১. উত্থাপন করা- এ গুরুত্বপূর্ণ বিষয়টা সভায় তোলা হলো না কেন?
১৫২. সমাজভুক্ত করা- অনেক চেষ্টা করেও তাকে আমরা জাতে তুলতে পারিনি।

## দল

১৫৩. রাজনৈতিক দল -বাংলাদেশে বহু রাজনৈতিক দল রয়েছে।
১৫৪. ফুলের অংশ- দল, ফুলের একটি অংশ।
১৫৫. গোষ্ঠী, সম্প্রদায় - মুসলমানেরা দল বেঁধে ঈদগায় যায়।
১৫৬. সমূহ - তরুণ দলের উপর দেশের ভবিষ্যৎ নির্ভর করছে।
১৫৭. জলজ তৃণ- অরক্ষিত জলাশয়গুলো দলে পরিপূর্ণ থাকে।

## দণ্ড

১৫৮. খাঁচার দুয়ার - পিঞ্জর দণ্ডে বসে টিয়া পাখি শিস দিচ্ছে।
১৫৯. লাঠি - দণ্ডের আঘাতে তার মাথা দ্বিখণ্ডিত হয়েছে।
১৬০. ন্যায় - সৃষ্টিকর্তা তার ন্যায় দণ্ড আমাদের প্রত্যেকের উপর অর্পণ করেছেন।
১৬১. শাস্তি - এ কাজের জন্য তোমার কঠিন দণ্ড হবে।
১৬২. ২৪ মিনিট কাল সময়- তোমাকে তিলেক দণ্ড না দেখলে আমি অস্থির হয়ে যাই।

## নাম

১৬৩. আখ্যা - কানা ছেলের নাম পদ্মলোচন।
১৬৪. খ্যাতি - লেখাপড়া শিখে যখন বড় হবে, তখন তোমার অনেক নাম হবে।
১৬৫. পরিচয় -আপনার নাম কি?
১৬৬. শপথ - আল্লাহ্‌'র নামে বলছি, আপনাকে আমি সাহায্য করব।
১৬৭. স্মরণ- ওই 'নাম' জপলে মুক্তি পেয়ে যাবে।
১৬৮. শব্দ মাত্র - সে নামেই নেতা, কামে নয়।

## নাক

১৬৯. নাসিকা- নিঃশ্বাস-প্রশ্বাসের জন্য নাক একটি অপরিহার্য অঙ্গ।
১৭০. দ্রুত খাওয়া- নাকে মুখে না গুঁজলে ট্রেনটা নিশ্চিত ফেল করতাম।
১৭১. সাজা - কতবার যে নাকে খত দিয়েছ তার হিসাব আছে।
১৭২. নির্ভাবনা- নাকে তেল দিয়ে ঘুমালে চলবে না, সাবধান থাকতে হবে।
১৭৩. শব্দ - সে ঘুমানো মাত্রই নাক ডাকে।

## পাকা

১৭৪. পরিপক্ব- পাকা জাম খেতে মিষ্টি।
১৭৫. খাঁটি - পাকা সোনায় খাদ থাকে না।
১৭৬. অভিজ্ঞ - তিনি একজন পাকা লোক।
১৭৭. দক্ষ - বুলবুল একজন পাকা খেলোয়াড়।
১৭৮. স্থায়ী - শাড়িটির রং পাকা।
১৭৯. সাদা - কী ব্যাপার, তোমার সব চুল দেখি পেকে যাচ্ছে।
১৮০. নিপুণ - তোমার মা রান্না-বান্নায় খুবই পাকা।
১৮১. বখাটে - ছেলেটা অল্প দিনেই পেকে গেছে।
১৮২. ইটের তৈরি - শহরের অধিকাংশ লোক পাকা বাড়িতে বাস করেন।

## পড়া

১৮৩. পাল্লায় পড়া- বখাটে ছেলেদের পাল্লায় পড়ে ফেরদৌসের জীবন আজ অন্ধকার।
১৮৪. পঠন - মা এক ঘণ্টা ধরে কুরআন পড়ছেন।
১৮৫. চেষ্টা করা - উঠে পড়ে লাগাা, পরীক্ষায় অবশ্যই ভালো করবে।
১৮৬. নতিস্বীকার- তোমার পায়ে পড়ি, এবারের মতো আমাকে রেহাই দাও।
১৮৭. খরচ পড়া - অলঙ্কারগুলো বানাতে অনেক খরচ পড়েছে।
১৮৮. প্রয়োজন হওয়া - আমার অত গরজ পড়েনি যে তাকে ডাকতে হবে।
১৮৯. আটকে যাওয়া - তার ফাঁদে যদি একবার পড়, তাহলে আর নিস্তার নেই।

### পা

১৯০. তোষামোদ - এই আপনার পায়ে ধরে বলছি হুজুর, আপনার কথার অন্যথা হবে না ।
১৯১. অঙ্গ বিশেষ - পা দুখানা হারিয়ে সে একেবারে পঙ্গু হয়েছে ।
১৯২. অবজ্ঞা করা - হাতের লক্ষীকে পায়ে ঠেলে দিও না ।
১৯৩. চাটুকার - সে তো চৌধুরী সাহেবের পা-চাটা কুকুর ।
১৯৪. অনুনয় করা - তোমার দুটি পয়ে পড়ি, কাজটি আমায় করে দাও ।

### ফল

১৯৫. পরিণতি - যে অন্যায় তুমি করেছ, এর ফল শুভ হবে না ।
১৯৬. ফলমূল - কাঁঠাল বাংলাদেশের জাতীয় ফল ।
১৯৭. পরীক্ষার ফলাফল - রীতিমত লেখাপড়া না করলে, পরীক্ষায় ভাল ফল করবে কি করে?
১৯৮. উন্নতি - বনায়ন কর্মকান্ডে অংশ নাও, ফল দেবে ।
১৯৯. লাভ - অনুরোধে কোন ফল হবে না ।

### বুক

২০০. গর্ব করা - কোন রকমের একটা পাস দিয়েই নাসির বুক ফুলিয়ে হাঁটছে ।
২০১. সাহস - বড় সাহেবের মুখের উপর সত্য কথাটা বলতে পারলে? বুকের পাটা আছে তোমার ।
২০২. মন শক্ত করা - বুকে সাহস নিয়ে জীবন সংগ্রামে এগিয়ে যাও ।
২০৩. হৃদয় বিদীর্ণ হওয়া - তার বুক ফাটা আর্তনাদ আমি সহ্য করতে পারিনি ।
২০৪. সাহায্য করা- ভাইকে দূরে রেখ না, তোমার বিপদে সেইতো বুক পেতে দিবে ।

### বড়

২০৫. ভালো - তোমার বাবা বড় ভালো লোক ছিলেন ।
২০৬. ধনী - প্রামাণিক সাহেব হলেন এ তল্লাটের বড়লোক ।
২০৭. জ্যেষ্ঠ - তিনি আমার চেয়ে বয়সে বড় ।
২০৮. বিখ্যাত - হোসেন শহীদ সোহরাওয়ার্দী একজন বড় রাজনীতিবিদ ছিলেন ।
২০৯. উদার - তার সঙ্গে পরিচয় হলেই তুমি জানতে পারবে, তিনি কত বড় মনের অধিকারী ।
২১০. বিশাল - পৃথিবীটা অনেক বড় ।
২১১. অসাধারণ - তিনি একজন বড় মাপের লোক ।
২১২. অত্যন্ত - বড় বিপদে পড়ে তোমার কাছে এসেছি ।
২১৩. বিশেষ - সামনেই বড় দিনের ছুটি ।

### ভালো

২১৪. সুন্দর -শুধু রূপে ভালো হলে চলবে না, গুনে ভালো হওয়া চাই ।
২১৫. শুভ - আমি তোমার ভালো চাই ।
২১৬. সুস্থ - আমি ভালো আছি ।
২১৭. সৎ - ভালো লোক হয়েও তিনি এ প্রতিষ্ঠানে চাকরি করতে পারলেন না ।
২১৮. উত্তম আচরণ - তোমার আছ থেকে আমি ভালো ব্যবহার আশা করেছিলাম ।
২১৯. সরল - জাকির সাহেব বেশ ভালো লোক ।

### ভার

২২০. বিষাদ - মুখ ভার করে থেকো না, একটু হাস ।
২২১. ওজন - এটুকু ছেলের মাথায় এত ভার দিয়েছ কেন?
২২২. গুরুত্ব - আজকাল সমাজপতি হওয়া সহজ নয়, ধারেও কাটা চাই ভারেও কাটা চাই ।
২২৩. কঠিন - এ ঊর্ধ্বগতির বাজারে, চলা বড় ভার ।
২২৪. সমূহ - অসংখ্য মেঘের ভারে সারাটা আকাশ আচ্ছন্ন ।
২২৫. দায়িত্ব - আমার ওপর এ কাজের ভার দেয়া হোক ।

### ভুল

২২৬. অন্যায় - ভুল করেছ, শাস্তি তোমাকে পেতেই হবে ।
২২৭. ভ্রম - সব মানুষেরই কিছু কিছু ভুল থাকে ।
২২৮. খারাপ - তোমার প্রতি আমার এতদিন ভুল ধারণা ছিল ।
২২৯. অযথার্থ - ভালো করে প্রশ্ন পড়ে নাও, ভুল উত্তর দিও না ।
২৩০. বিস্মৃতি - সে আজ ভুলের অতল তলে ডুবে গেছে ।

### ভাব

২৩১. চিন্তা - কবিতা লেখার আগে কবিরা ভাবে মগ্ন হন ।
২৩২. মর্মার্থ - কবিতাটির ভাবার্থ লেখ ।
২৩৩. সম্প্রীতি -এ ক্লাসের ছাত্র-ছাত্রীদের মধ্যে যথেষ্ট ভাব রয়েছে ।
২৩৪. অভিপ্রায় - তোমার ভাবগতিক কিছুই বুঝতে পারছি না ।
২৩৫. কুমতলব - লোকটার প্রতি লক্ষ রেখ, ভাবগতিক সুবিধার মনে হচ্ছে না ।
২৩৬. উন্মাদনা - গান শুনতে শুনতে তোমার ভাব লাগল নাকি?

### মোটা

২৩৭. স্থূল - এমন মোটা বুদ্ধি নিয়ে এ কাজ করা সম্ভব নয় ।
২৩৮. উচ্চৈঃস্বর - চাকর-বাকরকে ডাকার সময় স্বর একটু মোটাই হয় ।
২৩৯. প্রচুর - মোটা অঙ্কের ধার নিয়েতো মেয়ে বিয়ে দিচ্ছ, শোধ করবে কেমনে?
২৪০. বড় আকৃতি - আমার মামা একজন মোটা লোক ।
২৪১. সাধারণ - কৃষকের জন্য মোটা ভাত মোটা কাপড়ই যথেষ্ট ।
২৪২. খারাপ - কাউকে মোটা কথা বলা ঠিক নয় ।
২৪৩. অমসৃণ - কৃষক বধূরা মোটা কাপড় পরিধান করে ।



## এক কথায় উত্তর

১. **'বিদ্যাগুণে আজ সে এত বড় হয়েছে'- এখানে 'গুণ' অর্থ কী?**
**উত্তর:** সুফল ।

